# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম)

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৮) ওযূর অবশিষ্ট পানি দ্বারা ইস্তিঞ্জা করা যাবে না এবং ইস্তিঞ্জা করার পর অবশিষ্ট পানি দ্বারা ওযূ করা যাবে না বলে ধারণা করা

উক্ত বিশ্বাস সঠিক নয়। রাসূলুল্লাহ (ছাঃ) ও ছাহাবায়ে কেরামের পক্ষ থেকে এ ধরনের কোন নির্দেশনা পাওয়া যায় না। বরং তাঁরা যে পাত্রে ওযূ করতেন সে পাত্রের পানি দ্বারা ইস্তিঞ্জাও সম্পন্ন করতেন।[1] উল্লেখ্য যে, আবুদাঊদ ও নাসাঈতে হাসান সনদে বর্ণিত হয়েছে, একদা রাসূল (ছাঃ) যে পাত্রের পানিতে ইস্তিঞ্জা করেন, তার বিপরীত পাত্রে ওযূ করেন।[2] মূলতঃ পাত্রের পানি শেষ হয়ে গিয়েছিল বলেই অন্য পাত্র তাঁকে দেওয়া হয়েছিল। মুহাদ্দিছগণ এমনটিই বলেছেন।[3]

## ফুটনোট

[1]. ছহীহ বুখারী হা/১৫০-১৫২, (ইফাবা হা/১৫২, ১/১০২ পৃঃ); ছহীহ মুসলিম হা/৬৪৩; মিশকাত হা/৩৪২; ছহীহ মুসলিম হা/৫৭৮; ১/১২৩ পৃঃ; মিশকাত হা/৩৯৪, ৪১১; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৬২, ২য় খন্ড, পৃঃ ৭৭; আবুদাঊদ হা/১৬৮; মিশকাত হা/৩৬১, পৃঃ ৪৩; বুখারী হা/১৮৭-এর অনুচ্ছেদ দ্রঃ ১/৩১ পৃঃ।

[2]. আবুদাঊদ হা/৪৫, ১/৭ পৃঃ; নাসাঈ হা/৯৪; মিশকাত হা/৩৬০, পৃঃ ৪৩; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৩৩, ২/৬৬ পৃঃ, ‘পেশাব-পায়খানার শিষ্টাচার’ অনুচ্ছেদ।

[3]. ليس المعنى أنه لا يجوز التوضىء بالماء الباقي من الاستنجاء أو بالإناء الذي استنجى به وإنما أتى بإناء آخر لأنه لم يبق من الأول شيء أو بقي قليل والإتيان بالإناء الآخر اتفاقي كان فيه الماء فأتى به – আল্লামা মুহাম্মাদ শামসুল হক আযীমাবাদী, আওনুল মা‘বূদ শরহে সুনানে আবী দাঊদ (বৈরুত : দারুল কুতুব আল-ইলমিইয়াহ, ১৪১৫ হিঃ), ১ম খন্ড, পৃঃ ৪৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1806

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন